# হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ গুনাহ্'র অপকার

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

ভালো বিশেষণের পরিবর্তে অনেকগুলো খারাপ বিশেষণে বিশেষিত হয়

৩৯. গুনাহ্'র কারণে গুনাহ্গার ব্যক্তি ভালো বিশেষণের পরিবর্তে অনেকগুলো খারাপ বিশেষণে বিশেষিত হয়।

আল্লাহ্ তা'আলার আনুগত্যকারীদের বিশেষণসমূহ:

ঈমানদার, নেককার, নিষ্ঠাবান, আল্লাহ্ভীরু, আনুগত্যশীল, আল্লাহ্ অভিমুখী, বুযুর্গ, পরহেযগার, সৎকর্মশীল, 'ইবাদাতগুযার, রোনাযার, মুত্তাক্বী, খাঁটি ও সর্বগ্রাহ্য ব্যক্তি ইত্যাদি।

আল্লাহ্ তা'আলার অবাধ্যদের বিশেষণসমূহ:

কাফির, মুশ্রিক, মুনাফিক, বদ্কার, গুনাহ্গার, অবাধ্য, খারাপ, ফাসাদী, খবীস, আল্লাহ্'র রোষানলে পতিত, হঠকারী, ব্যভিচারী, চোর, চোট্টা, চোগলখোর, পরদোষ চর্চাকারী, হত্যাকারী, লোভী, ইতর, মিথ্যুক, খিয়ানতকারী, সমকামী, আত্মীয়তার বন্ধন ছিন্নকারী, গাদ্দার ইত্যাদি।

আল্লাহ্ তা'আলা বলেন:

﴿بِئْسَ الاِسْمُ الْفُسُوْقُ بَعْدَ الْإِيْمَانِ﴾

"ঈমানের পর ফাসিকি তথা অবাধ্যতা খুবই নিকৃষ্ট নাম"। ('হুজুরাত : ১১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6612

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন